দৈনিক ইনকিলাব

তারিখ ... 30 JUL 1993 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

### ডীন নির্বাচনে গোলাপী প্যানেল ৩ নীল ২ সাদা ১

# ঢাঃ বিঃ ডীন ও সিনেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচনে ৪টি প্যানেলের কোনটাই নিরঙ্কুশ বিজয় লাভ করতে পারেনি

*॥ স্টাফ রিপোর্টার ॥*

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের ডীন ও সিনেটে ৩৫ জন শিক্ষক প্রতিনিধি নির্বাচনে শিক্ষকদের চারটি প্যানেলের কোনটিই নিরঙ্কুশ বিজয় লাভ করতে পারেনি। গতকাল সকাল ৮টা থেকে বেলা ২টা পর্যন্ত টিএসসিতে এ নির্বাচন অনুষ্ঠিত হয়।

ডীন নির্বাচনে গোলাপী প্যানেল তিনটি, নীল প্যানেল দুইটি এবং প্রফেসর ইয়াজ উদ্দিন আহমেদ নেতৃত্বাধীন সাদা প্যানেল একটি পদ পেয়েছে।

সিনেটের শিক্ষক প্রতিনিধি নির্বাচনে ইয়াজ উদ্দিন আহমেদ নেতৃত্বাধীন সাদা প্যানেল ১৫টি, নীল প্যানেল ১৪টি, গোলাপী প্যানেল ৫টি এবং প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরী নেতৃত্বাধীন সাদা প্যানেল ১টি পদ পেয়েছে। প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরী নেতৃত্বাধীন

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## ঢাঃ বিঃ ডীন নির্বাচন

প্রথম পৃষ্ঠার পর

সাদা প্যানেল ডীন নির্বাচনে কোন পদ পায়নি।

এখানে উল্লেখ্য, শিক্ষকদের সাদা প্যানেল রাজনৈতিকভাবে জাতীয়তাবাদী শক্তি হিসেবে এবং নীল প্যানেল আওয়ামী-সিপিবি পন্থী হিসেবে পরিচিত। গোলাপী প্যানেলের কোন নির্দিষ্ট রাজনৈতিক পরিচয় নেই। এবারের নির্বাচনে সাদা দল দ্বিধা-বিভক্ত হয়ে দুইটি প্যানেল দেয়।

ডীন নির্বাচনে গোলাপী প্যানেল থেকে নির্বাচিত তিনজন হচ্ছেন: দর্শন বিভাগের প্রফেসর আমিনুল ইসলাম (কলা অনুষদ), অর্থনীতি বিভাগের প্রফেসর এ কে মনোয়ার উদ্দিন আহমদ (সামাজিক বিজ্ঞান অনুষদ) এবং হিসাব বিজ্ঞান বিভাগের প্রফেসর এ বি এম খালেদ (বাণিজ্য অনুষদ)। নীল প্যানেল থেকে নির্বাচিত দু'জন ডীন হচ্ছেন: রসায়ন বিভাগের প্রফেসর মোহাম্মদ মসিহুজ্জামান (বিজ্ঞান অনুষদ) ও প্রাণিবিদ্যা বিভাগের প্রফেসর মোহাম্মদ শাহাদাত আলী (জীব বিজ্ঞান অনুষদ)।

সাদা প্যানেল (ইয়াজ উদ্দিন) থেকে ডীন পদে নির্বাচিত হয়েছেন: আইন বিভাগের প্রফেসর এম এরশাদুল বারী (আইন অনুষদ)।

সিনেটের ৩৫ জন শিক্ষক প্রতিনিধি নির্বাচনে প্রফেসর ইয়াজ উদ্দিন আহমেদ নেতৃত্বাধীন সাদা প্যানেল থেকে নির্বাচিত ১৫ জন হচ্ছেন: ইসলামিক স্টাডিজ-এর প্রফেসর আ ন ম রইস উদ্দিন, বাংলার এসোসিয়েট প্রফেসর আবুল কাসেম মুহাম্মদ ফজলুল হক, ফলিত রসায়ন ও রসায়ন প্রযুক্তির প্রফেসর এ এইচ এম মাহবুবার রহমান, উদ্ভিদ বিদ্যার প্রফেসর এ কে এম নজরুল ইসলাম, ফিন্যান্স ও ব্যাংকিং-এর এসোসিয়েট প্রফেসর এম নাসির উদ্দিন, সমাজ বিজ্ঞানের এসোসিয়েট প্রফেসর কামরুল আহসান চৌধুরী, উদ্ভিদ বিদ্যার প্রফেসর জিন্নাতুন্নেছা তাহমিদা বেগম, ফার্মেসীর প্রফেসর নুরুন নাহার রহমান, প্রাণ রসায়নের প্রফেসর মুস্তাফিজুর রহমান, রাষ্ট্র বিজ্ঞানের প্রফেসর আতাউর রহমান, পরিসংখ্যানের প্রফেসর শফিকুর রহমান, মৃত্তিকা বিজ্ঞানের প্রফেসর সুলতান হোসেন, প্রাণ রসায়নের প্রফেসর সাইয়াদ সালেহীন কাদরী, ইসলামের ইতিহাস ও সংস্কৃতির এসোসিয়েট প্রফেসর হাবিবা খাতুন এবং রসায়ন বিভাগের প্রফেসর হুমায়ুন আহমেদ।

সিনেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচনে নীল প্যানেল থেকে নির্বাচিত ১৪ জন হচ্ছেন: ফার্মেসীর প্রফেসর আবুল কালাম আজাদ চৌধুরী, হিসাব বিজ্ঞানের প্রফেসর আবুল হাশেম, অর্থনীতির প্রফেসর এ টি এম জহুরুল হক, মৃত্তিকা বিজ্ঞানের এস এম ইমামুল হক, ইংরেজীর এ্যাসিসট্যান্ট প্রফেসর আনিস আহমেদ, প্রাণ রসায়নের এ্যাসিসট্যান্ট প্রফেসর আনোয়ার হোসেন, রাষ্ট্র বিজ্ঞানের প্রফেসর মোস্তফা চৌধুরী, প্রাণিবিদ্যার প্রফেসর শাহাদাত আলী, বাংলার প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান, রসায়নের প্রফেসর মোহাম্মদ মসিহুজ্জামান, লোক প্রশাসনের প্রফেসর মোহাম্মদ মোহাব্বত খান, ভাষাতত্ত্বের চেয়ারম্যান রাজীব হুমায়ুন কবির, পদার্থ বিজ্ঞানের প্রফেসর সুলতানা শফি ও ইতিহাসের প্রফেসর সৈয়দ আনোয়ার হোসেন।

সিনেটের শিক্ষক প্রতিনিধি নির্বাচনে গোলাপী প্যানেল থেকে নির্বাচিত ৫ জন হচ্ছেন: ইতিহাস বিভাগের আবদুল মমিন চৌধুরী, সমাজ বিজ্ঞানের প্রফেসর কে এ এম সাদ উদ্দিন, ইতিহাসের প্রফেসর মুনতাসির মামুন, মার্কেটিং-এর প্রফেসর সৈয়দ আবুল কালাম আজাদ ও ইংরেজীর প্রফেসর সৈয়দ মনজুরুল ইসলাম।

সিনেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচনে প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরী নেতৃত্বাধীন সাদা প্যানেল থেকে নির্বাচিত হয়েছেন: নৃবিজ্ঞানের প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী।

নির্বাচনে ডীন পদে মোট ১৭ জন প্রার্থী এবং সিনেটে শিক্ষক প্রতিনিধি পদে মোট ১৩৭ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। শিক্ষকদের মোট ৯১৪ জন ভোটারের মধ্যে ৮৩৪ জন নির্বাচনে ভোট প্রদান করেন।